গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রংপুর

এবং

মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ একটি জনবহুল দেশ। স্বাধীনতা উত্তর জনসংখ্যা নিয়ন্ত্রণ তথা পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের দিকনির্দেশনা মোতাবেক রংপুর বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয় কাজ করে যাচ্ছে। ফলে জনসংখ্যা বৃদ্ধির হার কমে এখন ১.৩৭% দাড়িয়েছে। বর্তমানে জাতীয় পর্যায়ে টিএফআর ২.৩ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৬২.৪% হলেও রংপুর বিভাগে টিএফআর ২.৫ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৬১%। এছাড়া অপূর্ণ চাহিদার হার রংপুর বিভাগে ৭% যা জাতীয় পর্যায়ে ১২% (বিডিএইচএস ২০২২) এবং ড্রপ আউট রেট ২৮% এ কমে এসেছে। মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ঘন্টা গর্ভবতী সেবার ব্যবস্থা করা হয়েছে। ফলশ্রুতিতে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাস পেয়েছে এবং রংপুর বিভাগে প্রাতিষ্ঠানিক ডেলিভারীর হার ৬৮% (বিডিএইচএস ২০২২) উন্নীত হয়েছে। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য "বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০১২" প্রণীত হয়েছে। রংপুর বিভাগ উপরোক্ত অধিকাংশ সুচকে এগিয়ে রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাংলাদেশের জনসংখ্যার প্রায় ২৩% কিশোর কিশোরী। এই অল্পবয়সী বিশাল জনগোষ্ঠির একটা বড় অংশ বিবাহিত জীবনে প্রবেশ করে স্বল্প প্রজনন স্বাস্থ্য বিষয়ক ধারনা নিয়ে; এদের সম্পূর্ণভাবে পরিবার পরিকল্পনা সেবার আওতায় আনা, শহরাঞ্চলে গড়ে ওঠা বস্তিবাসীদের এবং দূর্গম চরাঞ্চলে বসবাসরত বিপুল সংখ্যক দম্পতিকে পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমের আওতায় আনা দুরূহ হয়ে পড়েছে। বাল্য বিবাহ বন্ধ করা, স্থায়ী পদ্ধতিতে পুরুষের অংশগ্রহণ বৃদ্ধি করা, অপূর্ন চাহিদা কমিয়ে আনা, পদ্ধতিভিত্তিক ড্রপআউট কমিয়ে আনা, দুর্গম এলাকায় পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা নিশ্চিতকরন অন্যতম চ্যালেঞ্জ। বাংলাদেশের সামগ্রিক সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলায় রংপুর বিভাগের অগ্রগতি ধরে রাখা এবং কোন কোন সুচকে অগ্রগতি বৃদ্ধি করা প্রয়োজন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বাড়ি পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্যসেবা জনগনের দোরগোড়ায় পৌছে দেয়া অব্যাহত রাখা ও জোরদারকরণ ; মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে রংপুর বিভাগে প্রতিমাসে প্রায় ২০০০ (দুই হাজার) টি স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করা হচ্ছে, এ সংখ্যা আরও বৃদ্ধি করা; ইমারজেন্সী অবসট্রেটিক কেয়ার (ইওসি) সহ মোট ৯টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ৫৮টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এমসিএইচ-এফপি ইউনিট এবং ৪৩৯ টি UH&FWC এর মধ্যে ২৫০ টিতে ২৪/৭ ঘন্টা ডেলিভারীসহ পরিবার পরিকল্পনা, মা ও শিশু এবং প্রজনন স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও সেবা প্রাপ্তি নিশ্চিত করা ; কিশোর কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে সকল সেবা কেন্দ্রকে পর্যায়ক্রমে কিশোর কিশোরী বান্ধব করা এবং বাল্য বিবাহ হ্রাসে কাউন্সেলিং কার্যক্রম জোরদার করা ; নববিবাহিত ও এক সন্তানের দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও জন্ম বিরতিকরণ বিষয়ে উপজেলা পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা; ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্য চিত্র ইত্যাদি প্রচার ও প্রদর্শন করা; পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে একটি কার্যকরী মনিটরিং ও সুপারভিশন ব্যবস্থা গড়ে তোলা হবে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- (১) টিএফআর ২.৫ যা ২.০ এ নামিয়ে আনা; (২) পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৭০% থেকে ৭২% এবং গ্রহণকারীর হার (CAR) ৮০.০১% হতে ৮০.৫০% এ উন্নীত করা; (৩) অপূর্ন চাহিদার হার ৭% হতে ৫% এ কমিয়ে আনা। (৪) ড্রপ আউট রেট ৩৭% হতে ৩০% এ কমে কমিয়ে আনা। (৫) দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি গ্রহীতার হার ২০% এ উন্নীত করা। (৬) শিশুমৃত্যু হার (প্রতি হাজারে) ২৮ জন হতে ২৬ জনে হ্রাস করা।(৭) মাতৃমৃত্যু হার (প্রতি হাজারে) ১৬৩ জন হতে ১৪৫ (প্রতি হাজারে) জনে হ্রাস করা। (৮) প্রায় ২.২৮ লক্ষ গর্ভবতী মা'কে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা প্রসবপূর্ব সেবা (প্রথম পরিদর্শন) প্রদান করা। (৯) প্রায় ১ লক্ষ ৩০ হাজার গর্ভবতী মা'কে প্রাতিষ্ঠানিক ডেলিভারীসেবা প্রদান করা। (১০) প্রায় ৫৫ হাজার নবজাতককে ক্লোরোহেক্সিডিন ৭.১ প্রদান করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রংপুর

এবং

মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প** (Vision)

" সবার জন্য মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সাশ্রয়ী পরিবার পরিকল্পনা সেবা''

**১.২ অভিলক্ষ্য (Mission)**

" স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সবার জন্য সাশ্রয়ী ও গুণগত পরিবার পরিকল্পনা সেবা"

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার বৃদ্ধির জন্য কার্যক্রম পরিচালনা

২. মা, নবজাতক শিশু ও কিশোর-কিশোরীদের মানসম্পন্ন স্বাস্থ্য সেবা প্রদান

৩. পরিকল্পিত পরিবার গঠনে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও জন্ম- নিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রী যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ

৪. মাঠপর্যায়ের কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে মনিটরিং কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের ব্যবস্থা গ্রহন

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি** (Functions)

১. স্যাটেলাইট ক্লিনিক আয়োজনের মাধ্যমে সবো প্রদান ও উদ্বুদ্ধকরণ

২. পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ

৩. মা, শিশু, প্রজনন ও বয়োঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবা

৪. স্কুলপর্যায়ে কিশোর-কিশোরীর প্রজনন স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম আয়োজন

৫. অডিও-ভিজ্যুয়াল ভ্যানের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য, কিশোর-কিশোরীর প্রজনন স্বাস্থ্য, পুষ্টি বিষয়ক প্রচার

৬. পরিবার পরিকল্পনা কর্মসূচিতে জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ যাচাই

৭. অব্যবহারযোগ্য সামগ্রী বিনষ্টকরন

৮. ই-এমআইএস ব্যবহারকারী কেন্দ্রের সংখ্যা

৯. কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষন প্রদান

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫ বছরের কমবয়সী শিশু মৃত্যু হার হ্রাস | ৫ বছরের কমবয়সী শিশু মৃত্যু হার হ্রাস | প্রতি হাজারে | ৩১ | ৩১ | ২৯ | ২৭ | ২৫ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর | বিডিএইচএস-২০২২ এসভিআরএস২০২১ এমআইএস প্রতিবেদন ( পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| নবজাতকের মৃত্যু হার হ্রাস | নবজাতকের মৃত্যু হার হ্রাস | প্রতি হাজারে | ২০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর | বিডিএইচএস-২০২২ এসভিআরএস-২০২১ এমআইএসপ্রতিবেদন (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) |
| মাতৃ মৃত্যু হ্রাস | মাতৃ মৃত্যু অনুপাত হাজারে | প্রতি হাজারে | ১৬৩ | ১৬৩ | ১৪৫ | ১২৫ | ১০৫ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর | বিডিএইচএস-২০২২ এসভিআরএস-২০২১ এমআইএস প্রতিবেদন( পরিবার পরিকল্পনা অধিদপ্তর) |
| মোট প্রজনন হার (টিএফআর) হ্রাস | মোট প্রজনন হার (টিএফআর) | প্রতি মহিলা | ২.৫ | ২.৫ | ২.০০ | ২.০০ | ২.০০ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর | বিডিএইচএস-২০২২ এসভিআরএস-২০২১ এমআইএস প্রতিবেদন (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) |
| অপূর্ণ চাহিদা হ্রাস | চাহিদার হার | প্রতি শতকে | ১০ | ৭ | ৬ | ৫ | ৫ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর | বিডিএইচএস-২০২২ এসভিআরএস-২০২১ এমআইএস প্রতিবেদন ( পরিবার পরিকল্পনা অধিদপ্তর) |
| ড্রপ আউট হ্রাস | ড্রপ আউট হার | প্রতি শতকে | ৩৭ | ৩৭ | ৩৫ | ৩৩ | ৩০ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর | বিডিএইচএস-২০১৮এসভিআরএস-২০২১ এমআইএস প্রতিবেদন (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) |
| পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার | পদ্ধতি ব্যবহারকারীর হার | প্রতি শতকে | ৬৫ | ৬১ | ৬৫ | ৭০ | ৭২ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর | বিডিএইচএস-২০২২ এসভিআরএস-২০২১ এমআইএস প্রতিবেদন (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার বৃদ্ধির জন্য কার্যক্রম পরিচালনা | ২০ | [১.১] পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ | [১.১.১] খাবারবড়ি সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | সমষ্টি | হাজার | ৩ | ০ | ১৩৩.৯৮ | ১৪০.৫০ | ১২৬.৪৫ | ১০১.১৬ | | | ১৪২.৫০ | ১৪৪.৫০ |
| | | | [১.১.২] ভ্যাসকটমী সেবাগ্রহণকারী সক্ষম দম্পতি | সমষ্টি | হাজার | ২ | | ০.৯৬ | ১.৩০ | ১.১৭ | ০.৯৪ | | | ১.৩৫ | ১.৪০ |
| | | | [১.১.৩] টিউবেকটমী সেবাগ্রহণকারী সক্ষম দম্পতি | সমষ্টি | হাজার | ২ | | ৬.৫২ | ৬.৭৫ | ৬.০৮ | ৪.৮৬ | | | ৬.৮৫ | ৬.৯০ |
| | | | [১.১.৪] আইইউডি সেবাগ্রহণকারী সক্ষম দম্পতি | সমষ্টি | হাজার | ১ | | ৫.৮১ | ৫.৯৫ | ৫.৩৬ | ৪.২৮ | | | ৬.০০ | ৬.৫০ |
| | | | [১.১.৫] ইনজেকশন সেবাগ্রহণকারী সক্ষম দম্পতি | সমষ্টি | হাজার | ২ | | ৮৪.৪৭ | ৮৬.৪৭ | ৭৭.৮২ | ৬২.২৬ | | | ৮৭.০০ | ৮৮.০০ |
| | | | [১.১.৬] কনডম সেবাগ্রহনকারী সক্ষম দম্পতি | সমষ্টি | হাজার | ২ | | ৩৬.৫৬ | ৩৮.৫৬ | ৩৪.৭০ | ২৭.৭৬ | | | ৪০.৫০ | ৪২.৫০ |
| | | | [১.১.৭] ইমপ্লানন সেবাগ্রহনকারী সক্ষম দম্পতি | সমষ্টি | হাজার | ৩ | | ২৮.৬৪ | ৩০.২৫ | ২৭.২৩ | ২১.৭৮ | | | ৩২.৫০ | ৩৪.৫০ |
| | | [১.২] স্যাটেলাইট ক্লিনিক আয়োজনের মাধ্যমে সেবা প্রদান ও উদ্বুদ্ধকরণ | [১.২.১] আয়োজিত স্যাটেলাইট ক্লিনিকের সংখ্যা | সমষ্টি | হাজার | ৫ | ১৪ | ১৭ | ২০ | ১৮ | ১৯ | | | ২২ | ২৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [২] মা, নবজাতক শিশু,ও কিশোর-কিশোরীদের মানসম্পন্ন স্বাস্থ্য সেবা প্রদান | ২০ | [২.১] মা, শিশু ও প্রজনন স্বাস্থ্য | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা | সমষ্টি | হাজার | ৪ | ১৫৫ | ৪৫৬ | ৪৬০ | ৪১৪ | ৩৩২ | | | ৪৬৫ | ৪৭০ |
| | | | [২.১.২] প্রাতিষ্ঠানিক ডেলিভারীর সংখ্যা | সমষ্টি | হাজার | ৪ | ৮৬ | ১১২ | ১৩৯ | ১২৫ | ১১২ | | | ২৬ | ২৮ |
| | | | [২.১.৩] বাড়িতে প্রসব পরবর্তী রক্তক্ষরণ প্রতিরোধে ট্যাব মিসোপ্রোষ্টল বড়ি গ্রহণকারী মায়ের সংখ্যা | সমষ্টি | হাজার | ৩ | ৩৫ | ২৭.২০ | ২৯ | ২৬.১০ | ২০.৮৮ | | | ৩১ | ৩৩ |
| | | | [২.১.৪] কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা গ্রহণকারী সংখ্যা | সমষ্টি | হাজার | ৩ | ২০ | ২৩.৩ | ২৪ | ২১.৬০ | ১৭.২৮ | | | ২৬ | ২৮ |
| | | | [২.১.৫] জন্মের ২৪ ঘন্টার মধ্যে বুকের দুধ খাওয়ানো নবজাতকের সংখ্যা | সমষ্টি | হাজার | ২ | ৩৫ | ৩৮.১৮ | ৪০ | ৩৬ | ২৮.৮০ | | | ৪২ | ৪৪ |
| | | [২.২] বয়োসন্ধিকালীন স্বাস্থ্য সেবা | [২.২.১] ক্লোরোহেক্সিডিন ৭.১% ব্যবহারকারী নবজাতকের সংখ্যা | সমষ্টি | হাজার | ২ | ৩৫ | ৩৭.৭২ | ৪০ | ৩৬ | ২৮.৮০ | | | ৪২ | ৪৪ |
| | | | [২.২.২] রক্ত স্বল্পতা প্রতিরোধ আয়রন-ফলিক এসিড গ্রহণকারী কিশোরীর সংখ্যা | সমষ্টি | হাজার | ২ | ১৭০ | ১৭৭ | ১৮০ | ১৬২ | ১২৯.৬০ | | | ১৮৫ | ১৯০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] পরিকল্পিত পরিবার গঠনে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও জন্ম-নিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রী যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | ২০ | [৩.১] পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য, কিশোর-কিশোরীর প্রজনন স্বাস্থ্য, পুষ্টি বিষয়ক প্রচার | [৩.১.১] এভি ভানের মাধ্যমে সচেতনতামূলক প্রচারের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬২৯ | ৬৭৭ | ৭৫০ | ৬৭৫ | ৬০০ | | | ৮০০ | ৮০০ |
| | | [৩.২] পরিবার পরিকল্পনা কর্মসূচীতে জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ যাচাই | [৩.২.১] আঞ্চলিক পন্যাগারের জন্য নিয়ন্ত্রন সামগ্রীর মজুদ বাস্তব যাচাই | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ২ | ৪ | ৩ | ৩ | | | ৪ | ৪ |
| | | | [৩.২.২] উপজেলা পর্যায়ে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ বাস্তব যাচাই | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫২ | ৫৮ | ৫৮ | ৫৫ | ৫০ | | | ৫৮ | ৫৮ |
| | | | [৩.২.৩] অব্যবহারযোগ্য সামগ্রী নীতিমালা মোতাবেক নির্দিষ্ট সময়ে বিনিষ্টকরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৪ | ৪২ | ৫৮ | ৫৫ | ৫০ | | | ৫৮ | ৫৮ |
| [৪] মাঠপর্যায়ের কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে মনিটরিং কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের ব্যবস্থা গ্রহন | ১০ | [৪.১] মাঠপর্যায়ের কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে মনিটরিং | [৪.১.১] পরিদর্শণকৃত প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১২০ | ১০৫ | ১০০ | | | ১২০ | ১২০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [৪.২] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, বিভাগীয় পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রংপুর, মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাবে বিভাগীয় পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রংপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| বিভাগীয় পরিচালক<br>বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রংপুর<br>মোঃ এনামুল হক<br>পরিচালক<br>পরিবার পরিকল্পনা<br>রংপুর বিভাগ, রংপুর। | ২৪/০৬/২০২৪<br>তারিখ |
| মহাপরিচালক<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর<br>আ ন ম আল ফিরোজ<br>মহাপরিচালক<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর<br>৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫। | ২৪/০৬/২৪<br>তারিখ |